সংবাদ

তারিখ 08 SEP 2017
পৃ ... 8 ... কলাম ... 8 ...

# 'শিক্ষা জাতীয়করণ কর্মচারী ঐক্য মঞ্চ' গঠন

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষা জাতীয়করণের দাবিতে নতুন সংগঠন 'শিক্ষা জাতীয়করণ কর্মচারী ঐক্য মঞ্চ' গঠন করেছেন বেসরকারি স্কুল ও কলেজের কর্মচারী নেতারা। গতকাল রাজধানীর হাবিবুল্লাহ বাহার কলেজে অনুষ্ঠিত সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানের কয়েকটি কর্মচারী সংগঠনের এক যৌথ সভায় এ কমিটি গঠন করা হয়। নতুন কমিটির সদস্য সচিব করা হয়েছে এম আরজুকে। আর আহ্বায়ক করা হয়েছে রফিকুল ইসলাম মন্টু, মো. মোস্তফা ভুঁইয়া, মিজানুর রহমান মন্ডল, সিদ্দিকুর রহমান, আ. বাসেদ, এবি সিদ্দিক জুয়েলকে। সভায় আগামী ১৫ সেপ্টেম্বর সকাল ১০টায় রাজধানীর কমলাপুর শেরে বাংলা রেলওয়ে স্কুল অ্যান্ড কলেজে ঐক্য মঞ্চের প্রতিনিধি সভা আহ্বান করা হয়েছে। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়।